# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXV | OCTOBER 2023 | No. 08


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

হিতোপদেশ ২৪:১-১০

১। দুষ্টদের প্রতি হিংসা কোরো না, তাদের সঙ্গ লাভের বাসনা রেখো না;

২। কারণ তাদের হৃদয় হিংস্রতার চক্রান্ত করে, ও তাদের ঠোঁট অশান্তি উৎপন্ন করার কথা বলে।

৩। প্রজ্ঞা দ্বারাই গৃহ নির্মাণ হয়, ও বিচক্ষণতার মাধ্যমে তা প্রতিষ্ঠিত হয়।

৪। জ্ঞানের মাধ্যমে সেটির কামরাগুলি দুষ্প্রাপ্য ও সুন্দর সুন্দর সম্পদে পরিপূর্ণ হয়।

৫। জ্ঞানবানেরা মহাশক্তির মাধ্যমে জয়ী হয়, ও যাদের জ্ঞান আছে তারা তাদের শক্তিবৃদ্ধি করে।

৬। নিশ্চয় যুদ্ধ শুরু করার জন্য তোমার জ্ঞানগর্ভ পরিচালনা প্রয়োজন, ও অনেক পরামর্শদাতার মাধ্যমেই যুদ্ধজয় করা যায়।

৭। মূর্খদের জন্য প্রজ্ঞা খুবই গুরুভার; নগরদ্বারে নেতাদের সমাজে উপস্থিত থাকাকালীন তারা যেন মুখ না খোলে।

৮। যে অনিষ্টের চক্রান্ত করে সে এক কুচক্রী বলে পরিচিত হবে।

৯। মূর্খের চক্রান্তগুলি পাপময়, ও মানুষজন বিদ্রূপকারীদের ঘৃণা করে।

১০। সঙ্কটকালে তুমি যদি ভয়ে পশ্চাদগামী হও, তবে তোমার শক্তি কতই না কম!

## আপনাকে অসাধারণ কাজ করার জন্য ঐশ্বরীকভাবে আহ্বান করা হয়েছে।

পাস্টর অ্যাঞ্জেলীন সেলভাকুমারী



### You are divinely summoned to accomplish extra-ordinary deeds!

দানিয়েল ১১:৩২ পদ আমাদের স্মরণ করিয়ে দেয় যে ঈশ্বর আমাদের সাধারণ জীবনের জন্য আহ্বান করেননি অথবা সৃষ্টি করেননি।

**"কিন্তু যে সব মানুষ তাদের ঈশ্বরকে জানে তারা দৃঢ়ভাবে তার প্রতিরোধ করবে"**-(বাংলা সমকালীন সংস্করণ, দানিয়েল ১১:৩২)

তিনি চান তাঁর লোকেরা যেন আত্মিকভাবে পরিপক্ক হয়,পদক্ষেপ গ্রহণ করার দ্বারা তাদের শক্তি (বিশ্বাস) প্রদর্শন করুক।

প্রেরিত ১:৮ পদে বলা হয়েছে, "কিন্তু পবিত্র আত্মা তোমাদের উপরে এলে পর তোমরা শক্তি লাভ

....Contd. to page 4


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

Message & Prayer in 5 minutes!!

৫ মিনিটের বাণী!!


ইংরাজী এবং হিন্দি

প্রত্যেক দিন ভোর ৪টে

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



# *from your dearly beloved brother...*

REACHING NATIONS



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

**CHIEF EDITOR**

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**

Bro. N. Prakasam, M.A., General Manager

Dr. Rabinder Boaz, M.S.

Bro. K. Puratchivendan

**EDITORIAL BOARD**

Sis. Jesy Veena Sam

Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.

Dr. A. Richard Samuel, M.A., Ph.D.

Sis. Sajini Cherian

Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**

Pastor S. SAM SELVA RAJ

Echo of His Call Printers

10, Mohammed Abdullah 2nd Street,

Chepauk, Chennai- 600 005, India.

Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**

sam@echoofhiscall.org

biblecor@yahoo.co.in

**WEBSITES**

www.echoofhiscall.org

www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**

Echo of His Call

> **"ঈশ্বর একবার বলেছেন, আমি দুইবার এই কথা শুনেছি : হে ঈশ্বর , পরাক্রম তোমারই।"**
>
> – গীতসংহিতা ৬২:১১



ডঃ. এ. রীচার্ড শমূয়েল

প্রভুতে প্রিয়তম ভাই ও বোনেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আমরা আপনাদের শুভেচ্ছা জানাই!

আমরা আপনাদের দুঃখের সঙ্গে জানাচ্ছি যে আমাদের ইংরাজী আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার সহযোগী সম্পাদক, আমাদের প্রিয় ব্রাদার, ডঃ. এ. রীচার্ড শমূয়েল, এম.এ., পিএইচ.ডি., গত ৩০শে আগস্ট ২০২৩ সালে প্রভুর গৌরবে প্রবেশ করেছেন। সম্প্রতি তিনি সুস্থ ছিলেন না। তিনি তাঁর লেখা, প্রচার এবং পরামর্শ দানের মাধ্যমে দীর্ঘ সময় যাবৎ আমাদের সঙ্গে পরিচর্যা করছিলেন। এই কঠিনতম সময় তার স্ত্রী, সন্তান সন্ততি এবং নাতিনাতনীদের জন্য প্রার্থনা করুন।

২ তীম ৪:২ পদে বলা হয়েছে, তুমি বাক্য প্রচার করো, সময়ে অসময়ে প্রস্তুত থাকো; আমরা বিভিন্নভাবে ঈশ্বরের বাক্য প্রচার করার জন্য আন্তরিকভাবে চেষ্টা করছি:

- বিভিন্ন ভাষায় গীর্জার উপাসনা সভাগুলো অনুষ্ঠিত হচ্ছে
- ১৬টি ভাষায় আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি প্রকাশিত হচ্ছে।
- তিনটি ভাষায় ডাক মারফৎ বাইবেল পাঠক্রম (বাইবেলকোর) পরিচালিত হচ্ছে: তামিল, ইংরাজী এবং হিন্দি
- তামিল এবং ইংরাজী ভাষায় দূরবর্তী শিক্ষার মাধ্যমে ডাক মারফৎ ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম পরিচালিত হচ্ছে
- হিন্দী এবং তামিল ভাষায় তিনটি বাইবেল কলেজ চলছে: নহিমিয় বাইবেল কলেজ (আবাসিক এবং সান্ধ্যকালীন)
- সেণ্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুল (গ্রামীন উচ্চবিদ্যালয়), যেখানে ইংরাজী ভাষায় বিষয়গুলি শিক্ষা দেওয়া হয়
- উচ্চ গতিতে ১৬টি ভাষায় আধুনিক অফসেট ছাপাখানা চলছে
- গরীবদের জন্য সামাজিক উন্নয়ন কর্মসূচী অনুষ্ঠিত হচ্ছে
- বিভিন্ন ভাষায় ক্রুশেডের আয়োজন করা হচ্ছে
- আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেল পরিচালিত হচ্ছে, যেখানে তামিল, ইংরাজী, তেলুগু এবং হিন্দি ভাষায় যীশু খ্রীষ্টের প্রেমের সুসমাচার প্রচারিত হচ্ছে।

আমরা ইতিবাচক ফল লাভ করেছি, এবং আমরা সর্বশক্তিমান ঈশ্বরকে তাঁর অনুগ্রহের জন্য গৌরবান্বিত করি। এছাড়াও যারা আমাদের পরিচর্যাকে সাহায্য করছেন তাদের সকলের প্রতি আমরা আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করি।

## ইউ টিউব পরিচর্যার বৃদ্ধি

অতীতে, আত্মিক জগতের বিশ্বাস ছিল যে আমাদের অবশ্যই দূরদর্শণ, ইন্টারনেট, মোবাইল ফোন এবং ইউ টিউবের মতো অত্যাধুনিক প্রযুক্তিগত উদ্ভাবনগুলোকে এড়িয়ে চলা উচিৎ। আমরাও সেই একই দৃষ্টিভঙ্গি ধরে

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) BIBLECOR - Postal Courses (3 languages) Media Ministry Online Courses Theological Correspondence Courses (2 languages) Church Planting Nehemiah Bible Colleges Gospel Printing Press Great Commission Partners St. Paul's Matriculation School Crusades Community Development

ছিলাম। যাইহোক, সাম্প্রতিক সময়গুলিতে, সাধারণ লোকদের সংবাদপত্র,রেডিও এবং বইয়ের মতো প্রচলিত সংবাদের উৎসগুলির প্রতি আস্থা কমে এসেছে। তারা ব্যক্তিগতভাবে আত্মিক সভাগুলিতেও খুব কমই যোগদান করে, কিন্তু কিছু সংখ্যক লোক অনলাইন আত্মিক উপাসনাগুলিতে অংশ গ্রহণ করেন।

## মোবাইল অথবা সেল ফোন

বর্তমানে শিশু থেকে প্রাপ্ত বয়স্ক এবং প্রাচীনগণ সমস্ত বয়সের এবং তাদের আর্থিক অবস্থা নির্বিশেষে প্রত্যেকের একটি অথবা একাধিক মোবাইল ফোন আছে। প্রত্যেকটি মোবাইল ফোনে প্রায়ই একাধিক সিম কার্ড থাকে। বিশ্বব্যাপী, কোটি কোটি মোবাইল যন্ত্রটি ব্যবহার হচ্ছে।

একই সঙ্গে হাজার হাজার লোকের কাছে পৌঁছাতে, আমরা এই মোবাইল ফোনগুলি ব্যবহার করি, যা প্রাথমিকভাবে আত্মিক ব্যক্তিদের দ্বারা সমর্থিত ছিল না। এর ব্যবহারের সঙ্গে নেতিবাচক পরিণতিগুলো যুক্ত থাকলেও, আমরা সুসমাচারের বাণীসহ আধুনিক জনগণের কাছে পৌছাতে সেলফোনগুলি ব্যবহার করি।

লোকেরা যখন বিশ্বের সংবাদ এবং বিভিন্ন বিনোদনের কর্মসূচীগুলো শোনার জন্য সেল ফোনগুলো ব্যবহার করে, তখন তাদের সুসমাচারের বাণীগুলো শোনারও সুযোগ থাকে। আগেকার দিনে, আমরা সাধারণত দূরদর্শনে প্রভুর বাণী প্রচার করার জন্য ১৫ মিনিট ব্যবহার করতাম, এমনকী চলচিত্র, নাটক এবং পৃথিবীর সংবাদগুলো চলাকালীন সময়ের মধ্যে। আমরা এই প্রয়াসগুলো থেকেও অনেক ইতিবাচক ফল লাভ করেছিলাম, এবং এর ফলে, পূর্ণ সময়ের অনেক খ্রীষ্টিয় আত্মিক চ্যানেল শুরু হয়েছিল। এই বিকাশের থেকে আমরা যে সুবিধা লাভ করেছিলাম তা অস্বীকার করা যায় না।

সেল ফোনগুলি বিপজ্জনক যন্ত্র হতে পারলেও, আমরা যীশু খ্রীষ্টের শক্তি সহভাগিতা করার দ্বারা যারা অনন্তকালীন ধ্বংসের দিকে এগিয়ে চলছে এবং আত্মহত্যার সিদ্ধান্তগুলো গ্রহণ করছে তাদের উদ্ধারের অভিপ্রায়ে তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেল সৃষ্টি করেছি। আমরা তামিল,ইংরাজী,হিন্দি এবং তেলুগু ভাষায় এই পৃথিবীর লোকদের উদ্ধার করার লক্ষ্যে সকাল ৫টার সময় একটি সংক্ষিপ্ত বাণী সম্প্রচারিত করি। যদিও সেল ফোনগুলি বিপজ্জনক হতে পারে, তথাপি কোটি কোটি লোক জাগতিক বিষয়গুলোর মধ্যে লিপ্ত হওয়ার জন্য সেল ফোনগুলি ব্যবহার করছে, খ্রীষ্ট বিহীন জীবন যাপন করার পরিণতিগুলো থেকে তাদের রক্ষা করার জন্য এই একই যন্ত্রটি ব্যবহার করা যেতে পারে। সেই কারণে, এই প্রযুক্তির মাধ্যে এই সমস্ত লোকদের আমরা পরিচর্যা করছি, এবং সারা পৃথিবীর সমস্ত প্রকারের কর্মে নিযুক্ত লোকেরা এর থেকে লাভবান হচ্ছে, তারা আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রেমপূর্ণ তত্ত্বাবধানের মধ্যে সান্ত্বনা খুঁজে পাচ্ছে।

### আমরা এখানে কয়েকটি সাক্ষ্য প্রকাশ করছি:

*"আমি আত্মিকভাবে ক্লান্তি এবং দুশ্চিন্তা অনুভব করছিলাম। আপনার বাণী আমাকে সান্ত্বনা দিয়েছিল এবং তুলে ধরেছিল।"*

*"জীবনের বিভিন্ন বিপর্যয়ের কারণে, আমি আর বাঁচতে চাইছিলাম না। ইউ টিউব চ্যানেলে আপনার প্রার্থনাগুলি আমার বাঁচার ইচ্ছাকে শক্তিশালী করেছিল।"*

*"আমি অসুস্থ এবং শয্যা পীড়িত ছিলাম। ইউ টিউব চ্যানেলে আপনার সাক্ষ্যগুলো আমাকে সুস্থ করেছিল।"*

*"পরিবারগত ভাবে,আমরা আপনার বাণীগুলো শুনেছিলাম এবং আপনার প্রার্থনাগুলোতে যোগ দিয়েছিলাম। আমরা আমাদের পরিবারে সহভাগিতা এবং আরোগ্যের অভিজ্ঞতা লাভ করেছিলাম।"*

*"আমি একজন অবসরপ্রাপ্ত ঈশ্বরের দাস। আপনার ইউ টিউব চ্যানেল আমাকে অনেক কাজ দিয়েছে। আমি তামিল, তেলুগু,ইংরাজী, এবং হিন্দি ভাষায় আপনার সমস্ত বাণীগুলো দেখি এবং আমি আমার সঙ্গে যুক্ত সমস্ত দলগুলিতে এই বাণীগুলো সহভাগিতা করি। এটি আমার পূর্ণ সময়ের কাজে পরিণত হয়েছে। এটি একটি সুন্দর পরিচর্যা, এবং আপনার বাণীগুলো সত্যিই আশীর্ব্বাদযুক্ত, যা সারা পৃথিবীর লক্ষ লক্ষ লোকের জীবন রক্ষা করছে। অবিরত এটা চালিয়ে যান। আমি আপনার ৫৫ বছরের এই পরিচর্যার কঠিন কাজের তারিফ করতে ব্যর্থ হতে পারি না,যেহেতু আমি আপনাকে গত ৫০ বছর ধরে জানি।"*

*"যখন থেকে আমি প্রতিদিন সকালে ইউ টিউব চ্যানেলে আপনার বাণীগুলো শুনতে শুরু করেছিলাম, তখন থেকে আমি নিয়মিত আমার চার্চের উপাসনাগুলিতে যোগদান করছি এবং আত্মায় এবং সত্যে প্রভু যীশু খ্রীষ্টের আরাধনা করছি। আপনার ইউ টিউব চ্যানেলে প্রচারিত বাণীগুলি শোনার পর, অন্য কোনও কিছু করার আগে আমি আমার ব্যক্তিগত প্রার্থনা এবং পারিবারিক প্রার্থনা শুরু করেছি। "*

আমরা বিভিন্ন ব্যক্তির কাছ থেকে এই ধরণের অসংখ্য সাড়া লাভ করেছি যারা একই ধরণের প্রভাবের অভিজ্ঞতা লাভ করেছে। এই কারণেই আমরা ইউ টিউব চ্যানেল পরিচর্যা সৃষ্টি করেছি। অনুগ্রহ করে প্রার্থনা করুন যাতে ঈশ্বরের ইচ্ছা পূর্ণ হয়।

আমরা এই সাক্ষ্যগুলির জন্য কৃতজ্ঞ এবং সারা পৃথিবীতে বিভিন্ন ব্যক্তিদের উপর আমাদের পরিচর্যার যে প্রভাব আছে তার জন্য আমরা আনন্দ করি।

আপনি যদি আগ্রহী হন, তাহলে +91-98410 71858 নম্বর ব্যবহার করে অনুগ্রহ করে আহ্বানের প্রতিধ্বনি চ্যানেলটিকে সাবস্ক্রাইব করুন।

এছাড়াও আপনি +91-98412 71858 নম্বরে হোয়াটস অ্যাপে এবং সেলফোনে আমার সঙ্গে যোগাযোগ করতে পারেন।

অনুগ্রহ করে আপনার সেলফোনে এই নম্বর দুটি সেভ করে রাখুন যেহেতু আমি আপনার সঙ্গে ঘনিষ্ঠ সহভাগিতা করতে চাই। আমি চাই আমাদের এই পরিচর্যা কাজের সঙ্গে যারা যুক্ত আছে তাদের জন্য আপনি আন্তরিকভাবে প্রার্থনা করুন।

অতিবিক্ত ভাবে, আমরা আপনার পরামর্শ এবং সমর্থনকে স্বাগতঃ জানাচ্ছি যাতে এই পরিচর্যাটি আরও উন্নত হয় এবং আমরা আবার সাহসের সঙ্গে এগিয়ে যেতে পারি।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।

(+91) 98412 71858 / 98410 71858
E.mail : samselvaraj333@gmail.com

(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)

করবে,আর তোমরা জেরুশালেমে ও সমস্ত যিহূদিয়া ও শমরিয়ায় এবং পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত আমার সাক্ষী হবে।" আমরা যদি যীশুর শিষ্যদের জীবন পরীক্ষা করি, তাহলে আমরা পবিত্র আত্মার অভিজ্ঞতা লাভের আগে এবং পরে তাদের জীবনের তাৎপর্যপূর্ণ পার্থক্য পর্যবেক্ষণ করতে পারি। যে পিতর মাত্র অল্প কয়েক জন লোকের সামনে যীশুকে তিনবার অস্বীকার করেছিলেন, সেই পিতর হাজার হাজার লোকের মধ্যে সুসমাচার প্রচার করেছিলেন। তিনি কোথা থেকে এই সাহস পেয়েছিলেন? এটি ছিল তাঁর মধ্যে কার্যকারী পবিত্র আত্মার শক্তি।

### যে বিশ্বাস কার করে

প্রেরিত ৩ অধ্যায়টি পবিত্র আত্মার রূপান্তরিত করার ক্ষমতার বিষয়টি এবং তাদের বিশ্বাসের চর্চা করার দ্বারা কীভাবে এটি একজন সাধারণ ব্যক্তিকে অসাধারণ ব্যক্তিতে পরিণত করে তা স্পষ্টভাবে দেখায়। আমরা যখন আমাদের বিশ্বাসকে কাজে পরিণত করে তখন যা ঘটে এটি তার উদাহরণ প্রদান করে। পবিত্র আত্মা ক্ষমতা লাভ করার পর শিষ্যদের দ্বারা যে প্রথম অলৌকিক কাজ সম্পাদিত হয়েছিল এখানে সেই বিষয়টি বর্ণনা করা হয়েছে।

**প্রেরিত ৩ অধ্যায়**
**পিতর এবং যোহন**

আসুন আমরা এই অনুচ্ছেদটি নিয়ে গভীরভাবে অনুসন্ধান করি।

পিতর, যোহন, এবং সেই খঞ্জ লোকটির জীবনে এটি অবশ্যই আরেকটি সাধারণ দিন ছিল-আমাদের বোঝার উদ্দেশ্যের জন্যে, আমরা খঞ্জ লোকটির নাম টম ধরে নিচ্ছি।

তারা তিনজনে অবশ্যই তাদের দৈনিক কর্মসূচি অনুসরণ করেছিলেন, মন্দিরে যাওয়ার জন্য প্রস্তুত হয়েছিলেন। পিতর এবং যোহন সদাপ্রভুর আরাধনা করতে গিয়েছিলেন, যখন টম তার উপার্জনের অনুসন্ধানে বের হয়েছিলেন। ঈশ্বর ঐ দিনের জন্য কী পরিকল্পনা করেছিলেন তাদের মধ্যে কেউ তা জানতো না। আমি উপলব্ধি করেছি যে তারা চিন্তাও করতে পারেননি যে এটা তাদের কাছে একটি জীবন পরিবর্তনকারী দিন হবে।

### নেপথ্য কাহিনী

প্রতিদিন, পিতর এবং যোহন ঈশ্বরের মন্দিরে যেতেন। এমনই একদিন, তারা টমের পাশ দিয়ে যাচ্ছিলেন, যিনি মন্দিরের দ্বারে বসেছিলেন, লোকেরা তাকে এখানে বহন করে নিয়ে এসেছিল যাতে সে "ভিক্ষা" চাইতে পারে। জন্মের পর থেকেই সে হাঁটতে পারতো না, এবং এখন তার ৪০ বছর বয়েস। সে নিশ্চয় আশেপাশের এলাকায় যিহূদীদের মধ্যে জনপ্রিয় এবং অতি পরিচিত ছিলেন। শত শত লোক মন্দিরে যাতায়াত করতো, এই লোকটিকে দেখতো, হতে পারে কেউ কেউ তাকে টাকা দিতো এবং কয়েক জন তাকে উপেক্ষা করতো।

সব থেকে দুঃখের বিষয় হচ্ছে চার দশক তিনি মন্দিরের বাইরের দ্বারে বসে সময় অতিবাহিত করেছিলেন। আপনার যদি কিছু জিজ্ঞাসা করার থাকতো তাহলে তিনি আপনাকে মন্দিরের প্রচলিত রীতিনীতিগুলো সম্পর্কে, মন্দিরের সমস্ত ঐতিহ্যগুলি সম্পর্কে, যারা মন্দিরে এসেছিল তাদের নাম এবং তাদের পরিবারের সম্পর্কে বিস্তারিত তথ্য আপনাকে বলতে পারতেন। তিনি নিশ্চিতভাবে চার্চের নেতাদের নাম এবং মন্দিরে যে গানগুলো গাওয়া হতো তা জানেন কারণ ৪ দশক ধরে তিনি শুনেছেন। তিনি নিশ্চয় অনেক উপদেশ শুনেছেন, তথাপি তিনি মন্দিরের বাইরে বসে থাকতেন। তাকে মন্দিরের ভেতরে নিয়ে যাওয়ার মতো কেউ ছিল না।

এটা কি চেনা চেনা মনে হচ্ছে? আমাদের মধ্যে কয়েক জন এই রকম। আমরা জানি ঈশ্বর কে, আমরা তাঁর অলৌকিক কার্যগুলির কথা শুনেছি, তাঁর দারুণ ক্ষমতা, এবং আমরা অসংখ্য বাণী শুনেছি এবং অনেক গান গেয়েছি। কিন্তু তথাপি আমরা তাঁর উপস্থিতির বাইরে দাঁড়িয়ে আছি, আমরা ঈশ্বরের সঙ্গে ব্যক্তিগত সাক্ষাতে অক্ষম হয়েছি। আমাদের মধ্যে কয়েক জন আমাদের অতীত গৌরব গাইছি। আমরা এরকম ছিলাম, আমরা ওরকম ছিলাম, কিন্তু এখন কীরকম? খ্রীষ্টের সঙ্গে আপনার চলা কোথায়? আপনি কি ভেতরে এবং বাইরে তাঁর উপস্থিতির মধ্যে আছেন?

টমকে মন্দিরের ভেতরে নিয়ে যাওয়ার মতো কেউ ছিল না। আপনি যদি ঈশ্বরের উপস্থিতি থেকে বাইরে বসে থাকেন, অনেক অনেক দূরে থাকেন,

(ক্রমশঃ ৬ পাতায়)

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यम: हिन्दी

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE
REACHING NATIONS

सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ★ ECHO OF HIS CALL ★ Estd.: 1969

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 54 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

Diploma in Ministry : One year
Diploma in Theology : Two years
Bachelor of Theology : Three years

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে অকটোবর, থেকে ১৮ই নভেম্বর, ২০২৩)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**অকটোবর ১৯ :** ১৯৬৯ সাল থেকে পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের অঙ্গিকারবদ্ধতাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২০:** আমাদের পত্রিকা পরিচর্যার মাধ্যমে সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রসার কার্যকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২১:** ৫৫ বছরে প্রবেশ করার বিষয়টিকে চিহ্নিত করার জন্য আয়োজিত বাৎসরিক সম্মেলনটিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২২:** গত মাসে আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার কার্যকলাপগুলির জন্য।

**দিন ২৩:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৪:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৫:** আমাদের বাইবেল করেসপণ্ডেস কোর্স এবং থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের বৃদ্ধি র জন্য।

**দিন ২৬:** আমাদের সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্বাদগুলির জন্য।

**দিন ২৭:** আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার কর্মীদের এবং তাদের পরিবারগুলির সুরক্ষার জন্য।

**দিন ২৮:** বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার প্রসারের প্রতি আমাদের বরিষ্ঠ পালকের প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৯:** আমাদের দেশের সুরক্ষার জন্য।

**দিন ৩০:** একই সঙ্গে অন্যান্য পরিচর্যাগুলিকে সাহায্য করতে সক্ষম করার জন্য।

**দিন ৩১:** আমাদের সমর্থকদের জন্য এবং আমাদের পরিচর্যাগুলিতে তাদের সংযুক্ত থাকার জন্য।

**নভেম্বর ০১:** সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং বাইবেল করেসপণ্ডেস কোর্সগুলির সমস্ত কার্যকলাপগুলির জন্য।

**দিন ০২:** সারা পৃথিবী ব্যাপী যারা বাইবেল এবং খ্রীষ্টিয় সাহিত্য মুদ্রণের সঙ্গে যুক্ত আছে তাদের প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**দিন ০৩:** আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজকে এবং তাঁর পরিবারকে স্বর্গীয় সুরক্ষা এবং সুস্বাস্থ্যসহ আশীর্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের নিয়মানুবর্তিতা এবং আত্মোৎসর্গের জন্য।

**দিন ৫:** আহ্বানের প্রতিধ্বনির বিশ্বাসীদের এবং তাদের পরিবারগুলির কল্যাণের জন্য যারা প্রধান মণ্ডলীর এবং এর শাখা মণ্ডলীগুলির সদস্য।

**দিন ৬:** মাদকাসক্তের হাত থেকে শিশু এবং যুবকদের সুরক্ষার জন্য।

**দিন ৭:** আমাদের সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারের সদস্যদের সুরক্ষা এবং সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৮:** আমাদের সংস্থা, সমস্ত কর্মী এবং তাদের পরিবারগুলির আশীর্বাদের জন্য।

**দিন ৯:** আমাদের বরিষ্ঠ পালক যেহেতু তাঁর আত্মজীবনী লিখছেন সেহেতু ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তিনি যেন তাঁর উপর তাঁর মহৎ সম্মতি দেন এবং তাঁকে এই কাজে বিশেষভাবে পরিচালিত করেন।

**দিন ১০:** সমস্ত দেশে যেন ঐক্য এবং শান্তি বজায় থাকে।

**দিন ১১:** সারা পৃথিবীতে লোকদের নিরাপত্তা এবং কল্যাণের জন্য।

**দিন ১২:** ভারতের সুসমাচার অপ্রসারিত জনগোষ্ঠীদের মধ্যে পৌঁছাতে সক্ষম করার জন্য।

**দিন ১৩:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজের এবং তাঁর পরিবারের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ১৪:** বিশ্বব্যাপী শিশু পাচারকারীদের উচ্ছিন্ন করার জন্য।

**দিন ১৫:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা এবং চার্চগুলিকে সুরক্ষা এবং আশীর্বাদ করার জন্য।

**দিন ১৬:** আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার কর্মীদের সুরক্ষা এবং আশীর্বাদের জন্য।

**দিন ১৭:** ওমিক্রোন এবং বিএ.২.৮৬ এর মতো ভিন্নরূপী কোভিডের বিস্তার নিবারণের জন্য।

**দিন ১৮:** সমস্ত খ্রীষ্টিয় পরিচর্যাগুলিতে যেন অলৌকিক এবং আশ্চর্য চিহ্ন কার্য ঘটে।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

তাহলে এই বাণীটি আপনাকে ঈশ্বরের উপস্থিতির কাছে আনতে পারে।

হঠাৎ একদিন , টম যখন অন্য দিনের মতো টাকা ভিক্ষা করছিলেন, পিতর তাঁর প্রতি দৃষ্টিপাত করেছিলেন, এবং তাঁর দিকে একদৃষ্টিতে তাকিয়ে থেকেছিলেন, এবং বলেছিলেন, "আমাদের দিকে দেখো।" কি বিষয়ে পিতরের দৃষ্টি তার প্রতি নিবদ্ধ হয়েছিল? পিতর এবং যোহনের কাছে মনে হয়নি যে টম সাধারণ প্রয়োজনের থেকে তাদের কাছে কিছু চেয়েছেন। যতজন সেখান থেকে যেতো তাদের সকলের কাছে টম এইভাবেই ভিক্ষা করতো। যাইহোক, পিতর টমের পূর্ণ মনোযোগ চেয়েছিলেন কারণ পিতর জানতেন যে তাদের জীবনে গুরুত্বপূণ কিছু ঘটতে চলেছে। তিনি তাঁর বিশ্বাসকে কাজে পরিণত করতে যাচ্ছেন। সেই কারণে, তিনি এই পূর্ণ মনোযোগ দাবি করেছিলেন।

যখন পবিত্র আত্মা আসে, তখন এটি অসাধারণ ক্ষমতা প্রদান করে। তাদের বিশ্বাস কাজ করতে শুরু করে দেয়। এটি কর্মযুক্ত বিশ্বাস ছিল। ঈশ্বর চান আমাদের বিশ্বাস যেন অসাধারণ বিশ্বাস হয়।

## অসাধারণ বিশ্বাসের জন্য অসাধারণ দর্শন প্রয়োজন- যা দৃশ্যমান তার উর্দ্ধে দেখতে সক্ষম হওয়া

পিতর টমকে তার শারীরিক অবস্থার উর্দ্ধে দেখেছিলেন। তিনি শারীরিকভাবে চ্যালেঞ্জযুক্ত, একজন ভিখারী ছিলেন, যার কোন আর্থিক মর্যাদা ছিল না, এবং তার দৈনিক দায়িত্বগুলির জন্য তাকে অন্য কারও ওপর নির্ভর করতে হতো। পিতর তাকে কয়েকটা মুদ্রা দিতে পারতেন এবং সদাপ্রভুর আরাধনা করতে চলে যেতে পারতেন, কিন্তু তিনি পেছনে থাকার সিদ্ধান্ত নিয়েছিলেন এবং এই ব্যক্তির সঙ্গে কিছু সময় অতিবাহিত করেছিলেন। পিতর মন্দিরে যাওয়ার জন্য ব্যস্ত হতে পারতেন, কিন্তু তিনি এই লোকটির জন্য সময় দিয়েছিলেন। আমাদের চারিদিকের লোকদের জন্য আমাদের কি সময় আছে, অথবা আমরা কি আমাদের নিজের কাজগুলো করার জন্য সব সময় ব্যস্ত হয়ে ছুটছি? আমাদের মধ্যে কয়েক জন আমাদের ব্যক্তিগত, পেশাসংক্রান্ত , এবং আত্মিক জীবনের জন্য এতো ব্যস্ত থাকি যে আমাদের চারিদিকে লোকদের তাৎক্ষণিক প্রয়োজনগুলো দেখতে ব্যর্থ হই।

এখানে আমরা দেখি যে পিতর থেমে ছিলেন! কেবল একটি লোকের জন্য তিনি মন্দিরে প্রবেশ করেননি। আমার মনে হয় তিনি এটি তাঁর প্রভুর কাছ থেকে শিখেছিলেন- একজন ব্যক্তির জন্য থামা।

যীশু সুকোর বৃক্ষে বসে থাকা একজন ব্যক্তির জন্য থেমেছিলেন। যীশু ১২ বছর প্রদর রোগে আক্রান্ত একটি মহিলার জন্য দাঁড়িয়েছিলেন। তিনি কূপের ধারে একজন স্ত্রীলোকের সঙ্গে সাক্ষাৎ করার জন্য সমস্ত পথ গিয়েছিলেন। তিনি দিকাপলির কাছে একজন মানসিক চ্যালেঞ্জ ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করার জন্য প্রচণ্ড ঝড় অতিক্রম করেছিলেন। সুতরাং পিতর অবশ্যই একজন ব্যক্তির গুরুত্ব জানেন! আসুন আমরা আমাদের নিজেদের ওপর গভীরভাবে চিন্তা করি। কোনও একজন ব্যক্তিকে প্রেম, তত্ত্বাবধান, অথবা মনোযোগ দেবার জন্য আমরা শেষ কবে থেমেছিলাম?

পিতর তার আত্মিক উদ্ধারের জন্য মানুষের শারীরিক প্রয়োজনের উর্দ্ধে দেখতে সক্ষম হয়েছিলেন। তিনি বলেছিলেন "আমাদের দিকে তাকাও" ...তিনি তার দিকে গভীরভাবে তাকিয়েছিলেন...আমরা কি লোকদের শারীরিক পরিস্থিতিগুলির উর্দ্ধে দেখতে পাই? অনেক সময় আমরা বিচারক হয়ে যাই। আমরা স্থির করি কার যীশুর প্রয়োজন আছে এবং কার নেই। অনেক সময় আমরা এই ধরণের উক্তিগুলি শুনে থাকি " সে মনোযোগ দিয়ে শোনে না" অথবা " কে তার সঙ্গে কথা বলবে";এমনকী যখন আমরা আমাদের সাক্ষ্য সহভাগিতা করার বিষয়টি বেছে নিই, তখনও আমরা মনোনয়নের বিষয়টি চিন্তা করি। আমরা বাহ্যিক চেহারার উপর ভিত্তি করে স্থির করি একজন ব্যক্তির যীশুর প্রয়োজন আছে কি নেই।

আমরা যদি আমাদের অসাধারণ বিশ্বাসের চর্চা করতে চাই, তাহলে আমাদের অসাধারণ দর্শ দেখা শুরু করতে হবে- আমরা আমাদের খালি চোখে যা দেখতে পাই তার উর্দ্ধে আমাদের দেখতে হবে।

টমও একটি অলৌকিক কাজের প্রত্যাশা করেনি পিতরও আরোগ্য পরিচর্যা করার পরিকল্পনা করেননি;এটি ঘটেছিল যখন তারা তাদের অসাধারণ বিশ্বাসের অনুশীলন করতে ইচ্ছুক হয়েছিলেন এবং তাদের বিশ্বাসকে কাজে পরিণত করেছিলেন?

আরও গভীরে দেখার জন্য "আমাদের দৃষ্টি নিবদ্ধ করা"। আপনি শেষ কবে আপনার চারপাশের লোকদের "গভীরভাবে" দেখেছিলেন - আপনার চার্চের সদস্যদের, তারা কে, তারা কোথা

(ক্রমশঃ, ৮ পাতায়)


# নহিমিয় বাইবেল কলেজ

সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

ATA Regd. Candidate for Membership NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ★ ECHO OF HIS CALL ★ Estd. 1969

ECHO OF HIS CALL 1968-2018 REACHING NATIONS

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

Diploma in Ministry : One year
Diploma in Theology : Two years
Bachelor of Theology : Three years

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন !

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

## PLEASE PRAY FOR OUR MINISTRIES AT THE HEAD QUARTERS

1. Prayer Service : 24 hours
2. **BIBLECOR -** Bible Correspondence Courses : English, Tamil & Hindi
3. **ECHO OF HIS CALL** - Monthly Magazines : English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
4. Nehemiah Bible Colleges (Three Centres) (Evening / Residential)
5. Theological Correspondence Courses: English & Tamil
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools : 8.30 a.m. & 4.00 p.m. Sunday
13. **Tamil Services : 8.00 a.m. & 10.00 a.m. Sunday**
14. **Hindi Service : 4.00 p.m. Sunday**
15. **Telugu Service : 5.00 p.m. Sunday**
16. **English & Tamil Service : 6.00 p.m. Sunday**
17. Women's Prayer : 5.30 p.m. Wednesday
18. Men's Prayer : 7.00 p.m. Friday
19. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
20. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
21. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
22. Ministers Review Meeting : 5.30 p.m. First Saturday
23. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
24. Night Prayer : 9.30 p.m. Second Friday
25. Fasting Prayer : 9:30 a.m. Third Saturday
26. Holy Communion : Second Sunday Services
27. Youth / Kid Prayer : 10.00 p.m. daily
28. Staff Devotion : 9.00 a.m. daily
29. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
**Echo of His Call, Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

### বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## সদাপ্রভু যিনি তাঁর প্রতিজ্ঞাগুলি রক্ষা করেন

### তোমার বিরুদ্ধে গঠিত কোনো অস্ত্র সফল হবে না..." (যিশাইয় ৫৪:১৭)

THE LORD WHO KEEPS HIS PROMISES!

১৯৬৯ সালে প্রভু আমাকে তাঁর গৌরবময় পরিচর্যা কাজে আহ্বান করেছিলেন। ১৯৭১ সালে, যিরমিয় ৫১:২০-২৩ পদে তাঁর প্রতিজ্ঞাগুলির মাধ্যমে তিনি আমাকে আরেকবার উৎসাহিত করেছিলেন।

**"তুমিই আমার যুদ্ধের মুগুর, যুদ্ধে যুদ্ধের জন্য আমার অস্ত্র। তোমাকে দিয়েই আমি জাতিগুলিকে চূর্ণ করি; তোমার দ্বারাই আমি রাজ্যগুলিকে ধ্বংস করি।**

**তোমার দ্বারা আমি অশ্ব ও অশ্বারোহীকে চূর্ণ করি, তোমার দ্বারা আমি রথ ও তার চালককে চূর্ণ করি।**

**তোমার দ্বারা আমি নারী ও পুরুষকে চূর্ণ করি, তোমাকে দিয়েই আমি বৃদ্ধ ও যুবকদের চূর্ণ করি, তোমাকে দিয়ে আমি যুবক ও যুবতীকে চূর্ণ করি।**

**তোমার দ্বারা আমি পালরক্ষক ও তার পালকে চূর্ণ করি, তোমার দ্বারা আমি কৃষক ও বৃষদের চূর্ণ করি, তোমার দ্বারা আমি প্রদেশপাল ও রাজকর্মচারীদের চূর্ণ করি।"**

এই প্রতিজ্ঞাগুলি আমার পরিচর্যায় সম্পূর্ণ হয়েছে, যেহেতু আহ্বানের প্রতিধ্বনি এই সমস্ত কিছুর মধ্যে দিয়ে গেছে, প্রত্যেকটি একটি পৃথক পরিচর্যা হিসাবে কাজ করছে। আমাদের প্রভু তাঁর প্রতিজ্ঞাগুলির প্রতি বিশ্বস্ত।

পদগুলির সম্পূর্ণতার সাক্ষী হন, **"তুমিই আমার যুদ্ধের মুগুর, যুদ্ধের জন্য আমার অস্ত্র... তোমার দ্বারাই আমি রাজ্যগুলিকে ধ্বংস করি"** (পদ ২০ এবং ২৩)।

১৯৭৮ এবং ১০৮০ সালের মধ্যে আমি যখন সরকারী চাকরী করতাম, তখন আমি চেন্নাইয়ের সমুদ্র সৈকতের কাছে সরকারী অফিসারদের কোয়ার্টারে থাকতাম। সেই সময়, আমি ঐ এলাকায় বসবাসকারী সরকারী অফিসারদের কাছে সুসমাচার প্রচার করার জন্য উপর তলায় একটি বড় হলঘর ভাড়া করেছিলাম। অনেক উচ্চপদস্থ সরকারী অফিসাররা ঈশ্বরের স্পর্শ লাভ করেছিল এবং তাদের প্রাণে এবং শরীরে আশীর্বাদ লাভ করেছিলেন।

যখনই আমি সুযোগ পেতাম, তখনই আমি মুক্তাঙ্গন সভাগুলির আয়োজন করতাম। যাইহোক,সেখানে অনেক লোক ছিল যারা আমায় পছন্দ করতো না এবং আমার কাজকে বাধা দেওয়ার জন্য অন্যদের প্ররোচিত করতো। তারা দূরে দাঁড়িয়ে থাকতো এবং আমাকে ভয় দেখানোর জন্য চীৎকার করতো। কয়েক সময়, যখন লোকেরা আমার সভার জন্য একত্রিত হতো তখন তারা আমাকে ঘিরে ধরতো। তারা সাইকেলে করে আসতো, তাদের হাতে অস্ত্রগুলো ঘুরাতো। এমকি শারীরিকভাবেও আঘাত করার অভিজ্ঞতা আমার হয়েছিল, যা আমাকে ভীত করেছিল। এছাড়াও, যে ব্যক্তি আমাকে হল ভাড়া দিয়েছিল তার কাছেও তারা গিয়েছিল এবং তাকে বুঝিয়েছিল যাতে আমাকে আর ভাড়া না দেয়।

এই সমস্ত চ্যালেঞ্জগুলো সত্ত্বেও, প্রভু কখনও আমাকে ত্যাগ করেননি। তিনি আমার পদোন্নতি করতে শুরু করেছিলেন, এবং তাঁর পরাক্রমী হাত সর্বদা আমার সঙ্গে ছিল। আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলাম, যারা আমার বিরুদ্ধে কাজ করেছিল তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেছিলাম এবং তাদের পরিত্রাণের বিষয় যাজ্ঞা করেছিলাম। যাইহোক, আমি তাদের অনেকের সঙ্গে সাক্ষাৎ করতে সক্ষম হইনি। তাদের কয়েক জনের সঙ্গে আমার দেখা হয়েছিল, এবং এটি সত্য যে প্রভু বাস্তবিক তাদের সঙ্গে মিলিহ হয়েছিলেন এবং তাদেরকে তাঁর পরিত্রাণ দিয়েছিলেন।

গীত রচয়িতা যেমন বলেছেন, **"আস্বাদন করো ও দেখো, সদাপ্রভু মঙ্গলময়; ধন্য সেই ব্যক্তি যে তাতে আশ্রয় নেয়"** (গীত ৩৪:৮)।

*******

(ক্রমশঃ, ৬ পাতার পর থেকে)

থেকে এসেছে, এবং তারা কীরকম দেখতে, এই সমস্ত কিছু না চিন্তা করে শেষ কবে আপনি তাদের গভীরভাবে দেখেছিলেন?

বার্ণবা শৌল এবং জন মার্কের মধ্যে গভীর এবং অসাধারণ কিছু দেখেছিলেন। ঈশ্বর আমাদের এমন দর্শন দিন যাতে আমরা লোকদের বাহ্যিক চেহারার উর্দ্ধে দেখতে পাই এবং তাদের আত্মিক প্রয়োজনগুলি যেমনই দেখতে হোক না কেন আমরা যেন তা আরও গভীরভাবে দেখতে পারি। আরও গভীরভাবে দেখার জন্য কিছুটা সময় নিন!

## ২। অসাধারণ বিশ্বাস অসাধারণ সাহস উৎপন্ন করে!

আমরা অধিকাংশই নিরাপদে খেলতে চাই এবং আমাদের রুটিনের মধ্যে থাকতে পছন্দ করি, আমাদের সুবিধাজনক স্থানে থাকতে চাই। বিশেষ করে আমরা যখন বয়স্ক হই,আমাদের মধ্যে কয়েক জন কম দুঃসাহসিক হয়ে যাই,এবং আমিও নিজেকে এই শ্রেণীর মধ্যে অন্তর্ভুক্ত করি। আমি সাধারণত পাগল এবং দুঃসাহসিক কার্যকলাপের মধ্যে যুক্ত থাকতাম যেমন ভীতিপ্রদ আরোহণ গুলো এবং রোলার কোস্টারে আরোহী হতাম,অপ্রত্যাশিত বিষয়ে আমি রোমাঞ্চ উপভোগ করতাম। যাইহোক, যতই সময় অতিবাহিত হয়েছিল, আমার দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হয়েছিল। আমি প্রশ্ন করতে শুরু করেছিলাম কেন আমি অপ্রয়োজনীয় ঝুঁকি নেব এবং যদি কোনও কিছু ভুল হয়ে যায় তাহলে কী ঘটবে। আমার মতো অনেকেই সুবিধাজনক স্থানে থাকতে পছন্দ করে।

পিতর সহজেই লোকটিকে উপেক্ষা করতে পারতেন এবং যোহনের সঙ্গে কথা বলতে বলতে ব্যস্ত হয়ে সেখান দিয়ে চলে যেতে পারতেন যেমন আমরা অনেকেই করে থাকি, বিশেষ করে যখন আমাদের কাছে খুচরো পয়সা থাকে না। কিন্তু তিনি সাহসী পদক্ষেপ গ্রহণ করেছিলেন, "সোনা বা রূপা আমার কাছে নেই কিন্তু আমার কাছে যা আছে আমি তোমাকে দেব।"

এটি কেবল একটি সাহসের কাজ ছিল না;কিন্তু এটি ছিল একটি অসাধারণ কাজ। পিতর তাঁর বিশ্বাস লোকটিকে দিয়েছিলেন। এই ঘটনাটি প্রেরিত ১৪:৮-১০ পদের ঘটনাটির মতো একই রকম, যেখানে পৌল একটি খঞ্জ লোককে সুস্থ করেছিলেন। যাইহোক, পার্থক্যটি হচ্ছে যে পৌল যে লোকটিকে সুস্থ করেছিলেন তার "সুস্থ হওয়ার জন্য বিশ্বাস ছিল," যখন বাইবেলে উল্লেখ করা হয়নি যে পিতর যে লোকটিকে সুস্থ করেছিলেন তার বিশ্বাস ছিল কিনা। তৎসত্ত্বেও, পিতর এবং যোহন এই লোকটির জীবনে তাদের বিশ্বাস সাহসের সঙ্গে প্রদান করেছিলেন।

আমাদের চারিদিকের লোকদের জীবনে বিশ্বাস প্রদান করার জন্য ঈশ্বর আমাদের আহূত করেছেন। আমরা কি বিশ্বাস প্রদান করছি? অধিকাংশ সময়, আমরা সেই সমস্ত লোকদের কাছে আমাদের বিশ্বাসের সহভাগিতা করতে পছন্দ করি যাদের ইতিমধ্যেই বিশ্বাস আছে, কিন্তু যখন অন্য ধর্মের বিশ্বাসীদের কাছে অথবা যাদের কোনও ধর্মের প্রতিই বিশ্বাস নেই তাদের কাছে বিশ্বাস প্রদানের বিষয়ে আমরা দ্বিধাবোধ করি।

প্রিয় বন্ধুগণ, এটাই হচ্ছে উপযুক্ত সময় যে আমাদের চারপাশে যারা আছেন তাদের কাছে আমাদের বিশ্বাস প্রদান করতে হবে। আসুন আমরা কোনও একজন ব্যক্তির জীবনে আমাদের বিশ্বাস রোপণ করার জন্য সময় বিনিয়োগ করি।

পিতরের তাঁর অকম্পিত বিশ্বাসের চর্চা করার সাহস ছিল। লোকটি যদি সুস্থ না হয় তাহলে কী ঘটবে সেই বিষয়ে তার মধ্যে এক মিনিটের জন্যেও সন্দেহ আসেনি। পিতর আস্থার সঙ্গে বলেছিলেন, "ওঠো এবং হেঁটে বেড়াও।" লোকটি বোঝাই যায় যে সে পিতরের এই আদেশটি বুঝতে পারেনি। যেহেতু পরের পদে বলা হয়েছে, পিতর তার হাত ধরেছিলেন এবং তাকে দাঁড়াতে সাহায্য করেছিলেন। আর তখনই লোকটি উপলব্ধি করেছিল যে সে সত্যিই উঠে দাঁড়াতে এবং হাঁটতে পারে।

পিতর বলেছিলেন - "ওঠো এবং হেঁটে বেড়াও"।

আজ, অনেক লোক তাদেরকে ডান হাত ধরে উঠানোর বিষয়ে আমাদের জন্য অপেক্ষা করছে।



যীশু খ্রীষ্টের নামে আরোগ্য

তারা ঈশ্বরের উপস্থিতির এতো কাছে আছে কিন্তু তথাপি তারা দ্বারের বাইরে অপেক্ষা করছে। এর জন্য অসাধারণ সাহসের প্রয়োজন।

পিতর এবং যোহন টমের দ্বারা বাধাপ্রাপ্ত হননি, কিন্তু পরিবর্তে তারা তাকে এমন একজন ব্যক্তি হিসাবে দেখেছিলেন যে তাদেরকে ক্ষমতাসহ সুসমাচার প্রচার করতে এবং ঈশ্বরের ক্ষমতা কার্যকরভাবে ব্যাখ্যা করতে সক্ষম করেছিল।

খ্রীষ্টানরা যেন তাদের বিশ্বাসের পথে চলার মধ্যে নিজেদের বিচ্ছিন্ন না করে সেই বিষয়টি মনে রাখা খুবই গুরুত্বপূর্ণ। ঈশ্বরের সঙ্গে একা সময় অতিবাহিত করার বিষয়টি গুরুত্বপূর্ণ, কিন্তু একই সঙ্গে অন্যদের জন্য আমাদের সময়, প্রচেষ্টা, এবং সম্পদগুলি বিনিয়োগ করার বিষয়টিও গুরুত্বপূর্ণ। যারা আপনার চারপাশে আছে এবং যারা আপনার পথ দিয়ে যাচ্ছে তাদের অসীম সাহসের সঙ্গে জীবনের কথা বলুন। নিরাপদে খেলবেন না!

## ৩। অসাধারণ বিশ্বাস অসাধারণ চ্যালেঞ্জগুলি আনে!

আমাদের বিশ্বাস যখন অকম্পিত থাকে, তখন এটি আমাদের অসাধারণ বিশ্বাসে চালিত করে, যা আমাদের সামনে অসাধারণ চ্যালেঞ্জগুলি আনে। খ্রীষ্টিয় পথে অসংখ্য চ্যালেঞ্জে পরিপূর্ণ, এবং বাইবেলে কোথায় এই পথকে কুসুমাস্তীর্ণ বলা হয়নি। আমাদের অবশ্যই নিজেদের অস্বীকার করতে হবে এবং আমাদের ক্রুশ বহণ করতে হবে।

জীবন পরিবর্তনকারী অভিজ্ঞতা লাভ করার পর, পিতর এবং যোহনকে অভিনন্দন জানানো হয়নি অথবা সম্মানিত করা হয়নি, পরিবর্তে তাদের কারারুদ্ধ করা হয়েছিল। আমার প্রিয় বন্ধুগণ, আমাদের জীবনে ঈশ্বর কর্তৃক অভীপ্সিত উদ্দেশ্য সম্পূর্ণ করার পথে শয়তান সব রকমের বাধা সৃষ্টি করবে, যাইহোক, কোনও মানুষের অথবা নরকের ক্ষমতা কখনও আমাদের জন্য ঈশ্বরের স্বর্গীয় পরিকল্পনাকে বন্ধ করতে পারবে না।

পিতর এবং যোহনকে কারারুদ্ধ করা হয়েছিল, তাদেরকে ভয়ঙ্করভাবে প্রাণনাশের ভয় দেখানো হয়েছিল, এবং প্রচার করতে নিষেধ করা হয়েছিল, কিন্তু কোনও কিছু তাদেরকে থামাতে পারেনি।

আমার প্রিয় বন্ধুগণ, অসাধারণ সময়গুলো অসাধারণ পরিমাপ করে। আমরা যখন আমাদের বিশ্বাসের অনুশীলন করি এবং সেই বিশ্বাসকে যখন কাজে পরিণত করি, তখন আমরা আরও অধিক সমস্যার এবং চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হই। স্বর্গে আমাদের পুরস্কার আছে, সুতরাং আমাদের অবশ্যই আমাদের আহ্বানে বিশ্বস্ত থাকতে হবে। আমাদের পেছনে তাকানো অথবা পেছনে পদক্ষেপ ফেলা উচিৎ নয়, কিন্তু আমাদের সামনে এগিয়ে যেতে হবে।

প্রেরিত ১৪:২২ পদ আমাদের স্মরণ করিয়ে দেয় যে **ঈশ্বরের রাজ্যে প্রবেশ করার জন্য আমাদের অবশ্যই বহু ক্লেশভোগ করতে হবে** এবং এই সময়ের মধ্যে, আমাদের প্রাণকে শক্তিশালী করতে হবে এবং অবিরত বিশ্বাসে চলতে হবে।

গীত ৩৪:১৯ পদে বিবৃত করা হয়েছে যে **"ধার্মিক ব্যক্তি অনেক দুর্ভোগের সম্মুখীন হয়, কিন্তু সদাপ্রভু তাকে সেইসব থেকে মুক্ত করেন।"**

ঈশ্বরীয় জীবনযাপন আমাদেরকে ক্লেশভোগ থেকে রেহাই দেয় না। সমগ্র ইতিহাস জুড়ে বিশ্বাসী পুরুষ এবং স্ত্রীলোকেরা পরীক্ষা এবং কষ্টভোগের অভিজ্ঞতা লাভ করেছে। খ্রীষ্টান এবং অখ্রীষ্টান, চার্চে যাওয়া লোকেরা এবং চার্চে না যাওয়া লোকেরা, উভয়ের জীবনে সমস্যা হচ্ছে একটি অংশ। কিন্তু এর অর্থ এই নয় যে আপনি একজন খারাপ অথবা মন্দ লোক। যাইহোক, এই সত্যের মধ্যে যে পার্থক্য নিহিত আছে তা হচ্ছে যখন একজন ঈশ্বরের সন্তান ক্লেশের অভিজ্ঞতা লাভ করে, তখন আমরা আশ্বস্ত হতে পারি যে ঈশ্বর এই বিষয় সচেতন আছেন এবং আমরা তাঁর হাতে নিরাপদ।

*******

**NEED LIBRARY BOOKS**

We need Tamil, English and Hindi books for our Libraries at **St. Paul's Matriculation School and Nehemiah Bible Colleges.** If you have new or old books in good condition and if you are willing to donate, kindly communicate with us.

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

Branch : Triplicane, Chennai-5
Name : S. Sam Selva Raj
A/C No. : 1023 2934 679
IFSC : SBIN 00 00 249
SWIFT CODE : SBI NIN BB 455

### 2. Bank : ICICI Bank

Branch : Anna Salai, Chennai-6
Name : Echo of His Call
A/C No. : 6038 0502 2319
IFSC : ICIC 000 6038

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

Branch : Triplicane, Chennai-5
Name : Echo of His Call Educational Trust
A/C No. : 1023 2923 805
IFSC : SBIN 00 00 249

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/21-23
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th OCTOBER 2023

If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

***JESUS LOVES YOU!***

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**